

সারাদেশে আলিম ও কারিগরির এইচএসসি পরীক্ষা স্থগিত

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ০৯ জুলাই ২০২৫, ২৩:২৪



সারাদেশে চলমান আলিম ও কারিগরির এইচএসসি পরীক্ষা স্থগিত করা হয়েছে। বুধবার (৯ জুলাই) রাতে মাদরাসা শিক্ষা বোর্ড ও কারিগরি শিক্ষা বোর্ডের নির্ভরযোগ্য সূত্র এই তথ্য নিশ্চিত করেছে।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রকৌশলী মো. রুহুল আমিন পরীক্ষা স্থগিতের বিষয়টি নিশ্চিত করেছেন।

তবে পরীক্ষা স্থগিতের সুনির্দিষ্ট কারণ বা পরবর্তী তারিখ সম্পর্কে তাৎক্ষণিকভাবে কোনো বিস্তারিত তথ্য জানানো হয়নি।

আকস্মিক এই ঘোষণায় পরীক্ষার্থী ও সংশ্লিষ্টদের মধ্যে উদ্বেগ তৈরি হয়েছে।

এদিকে অতিভারি বর্ষণ ও বন্যা পরিস্থিতির কারণে কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীনে বৃহস্পতিবারের (১০ জুলাই) সব এইচএসসি পরীক্ষা স্থগিত করা হয়েছে। কুমিল্লা শিক্ষাবোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মো. শামসুল ইসলামের বরাত দিয়ে বিষয়টি নিশ্চিত করেছেন কুমিল্লা শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর রুনা নাছরিন।

জানা গেছে, টানা বৃষ্টিপাত ও উজান থেকে নেমে আসা ঢলের কারণে কুমিল্লা, ফেনী, নোয়াখালী ও পরশুরামের বিভিন্ন এলাকায় পানি বাড়ছে। এসব এলাকায় ১০ জুলাই অনুষ্ঠিত উচ্চমাধ্যমিক (এইচএসসি) পরীক্ষাকে ঘিরে কিছুটা উদ্বেগ তৈরি হওয়ার প্রেক্ষিতে সক্ষমায় চূড়ান্ত সিদ্ধান্ত নিয়েছে কুমিল্লা শিক্ষা বোর্ড। সিদ্ধান্ত মোতাবেক ১০ জুলাইয়ের সব পরীক্ষা স্থগিত করা হয়েছে। তবে এসব পরীক্ষা কবে অনুষ্ঠিত হবে- এ বিষয়ে কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি।

ইত্তেফাক/এমএএম